



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৬৬৬৭

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১২২/ ২৬৪৮

তারিখ : ০২/০২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন বাটাজোড় আলিম মাদরাসার গভার্ণিং বডি'র সভাপতির বিরুদ্ধে অবৈধভাবে মোঃ আব্দুল বারী হাওলাদার, অধ্যক্ষকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক...২.....(.....) পাতা।

২.২.১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, বাটাজোড় আলিম মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।  
২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বাটাজোড় আলিম মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১২২/

তারিখ : ০২/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. জনাব মোঃ আব্দুল বারী হাওলাদার, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), বাটাজোড় আলিম মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়ঃ পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলার “বাটাজোড় আলিম মাদ্রাসা”- এর সভাপতি কর্তৃক গত ইং- ০৫-০৯-২০১৬ তারিখে অবৈধভাবে মোঃ আব্দুল বারী হাওলাদার, অধ্যক্ষ কে চাকুরী হইতে সাময়িক বরখাস্তকরন এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৩৮(৩) বিধি অনুযায়ী।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ আব্দুল বারী হাওলাদার, অধ্যক্ষ, বাটাজোড় আলিম মাদ্রাসা, জিয়ানগর, পিরোজপুর। আমি বিধি মোতাবেক গত ইং- ১০-০৯-২০০০ তারিখে নিয়োগপ্রাপ্ত হইয়া একই তারিখে অধ্যক্ষ হিসাবে যোগদানপত্র দাখিল করি, যাহা ১০-০৯-২০০০ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর কর্তৃক গৃহীত হয় (কপি সংযুক্ত)। আমি অধ্যক্ষ হিসাবে আমার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করা অবস্থায় গত ইং-০৫-০৯-২০১৬ তারিখে সভাপতি সম্পূর্ণ অন্যায়, অবৈধ এবং বেআইনীভাবে আমাকে সাময়িকভাবে বরখাস্ত করেন। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরেও আমার বিরুদ্ধে আনীত অভিযোগ এর তদন্ত প্রক্রিয়া সমাপ্ত/ শেষ না করে অনিষ্পত্তিকৃত অবস্থায় রাখিয়াছে, যাহা আইনের পরিপন্থী। কোন শিক্ষককে চাকুরী হইতে সাময়িক বরখাস্ত করিতে হইলে বে-সরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরী বিধি, ১৯৭৯ এর বিধি বিধান অনুসরণ করতে হয়, কিন্তু সভাপতি আমাকে চাকুরী হইতে সাময়িক বরখাস্তকরন এর পূর্বে বা পরে চাকুরী বিধি, ১৯৭৯ এর কোন বিধান অনুসরণ করেন নাই। সে কারণে আমার সাময়িক বরখাস্ত এর আদেশটি অবৈধ। চাকুরীবিধি, ১৯৭৯ এর কোথাও গভর্ণিং বডির সভাপতিকে কোন শিক্ষক/কর্মচারীকে সাময়িক বরখাস্ত করার একক কোন ক্ষমতা প্রদান করেন নাই। শুধুমাত্র গভর্ণিং বডি চাকুরীবিধি অনুযায়ী এই ক্ষমতা প্রদান করতে পারে।

মোঃ আব্দুল বারী হাওলাদার  
১৯/০৯/১৬



নিম্ন লিখিত কারণ ও হেতু মূলে সভাপতি কর্তৃক সাময়িক বরখাস্তকরন এর আদেশটি বাতিলকরন এর জন্য প্রতিকার প্রার্থনা করছি,-

- ১। সভাপতি গত ইং-০৫-০৯-২০১৬ তারিখে সম্পূর্ণ এখতিয়ার বর্হিভূতভাবে আমাকে সাময়িক বরখাস্ত করেন, কারণ সভাপতির সাময়িক বরখাস্ত করার একক কোন ক্ষমতা নাই। সুতরাং-সভাপতি কর্তৃক গত ইং-৫-০৯-২০১৬ তারিখের সিদ্ধান্তটি সম্পূর্ণ বে-আইনী এবং অবৈধ।
- ২। সাময়িক বরখাস্তকরন এর পূর্বে বা পরে আমাকে কোন কারণ দর্শানো নোটিশ প্রদান করেন নাই, শুধুমাত্র কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর ম্যানেজিং কমিটি কর্তৃক সন্তোষজনক বিবেচনা না হলে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করবেন এবং তদন্ত চলাকালীন সময় বা তদন্ত সাপেক্ষে কর্তৃপক্ষ অভিযুক্ত শিক্ষককে সাময়িক বরখাস্ত করতে পারবেন। কিন্তু এই ক্ষেত্রে কোন তদন্ত কমিটি গঠন করা হয় নাই, যাহা চাকুরী বিধি, ১৯৭৯ এর ১৪ (২) এবং ১৩ (১) বিধির সুস্পষ্ট লংঘন।
- ৩। শুধুমাত্র তদন্তকালীন সময় কোন শিক্ষককে সাময়িক বরখাস্তে রাখা যায়, কোন ভাবেই সাময়িক বরখাস্ত এর মেয়াদ অনির্দিষ্ট কালের জন্য হতে পারে না। দীর্ঘদিন সাময়িক বরখাস্ত এর আদেশ বহাল থাকলে তাহা বাতিল বলে গণ্য হবে।
- ৪। গভর্ণিং বডি শুধুমাত্র কোন শিক্ষক/কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারেন, কিন্তু আমাকে সভাপতি তার একক ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করেছেন, যাহা এখতিয়ার বর্হিভূত।

অতএব, মহোদয় সমীপে বিণীত প্রার্থনা এই যে, উপরোক্ত বিষয়টি সদয় বিবেচনা করে পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলার “বাটাজোড় আলিম মাদ্রাসা”- এর সভাপতি কর্তৃক গত ইং- ০৫-০৯-২০১৬ তারিখে অবৈধভাবে মোঃ আব্দুল বারী হাওলাদার, অধ্যক্ষ কে চাকুরী হইতে সাময়িক বরখাস্তকরন এর আদেশটি বাতিল এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মর্জি হয়।

তারিখ- ২৫/০১/১৭

বিনীত নিবেদক

মোঃ আব্দুল বারী হাওলাদার

(মোঃ আব্দুল বারী হাওলাদার)

অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত)

বাটাজোড় আলিম মাদ্রাসা

জিয়ানগর, পিরোজপুর